

বিসমিল্লাহির রহমানির রাহিম

সম্মানিত/প্রিয়/স্নেহের প্রাপ্তন ছাত্র/ছাত্রী
বীরমোহন উচ্চ বিদ্যালয়

আমার স্বশ্রদ্ধ সালাম, শুভেচ্ছা ও ক্ষেত্র বিশেষে স্নেহাশীষ রইল।

ঐতিহ্যবাহী বীরমোহন উচ্চ বিদ্যালয়ের শত বর্ষ উদ্‌যাপন এবং প্রাসঙ্গিক বিষয়াদিকে কেন্দ্র করে সৃষ্ট পরিস্থিতিতে সকল ভুল বোঝাবুঝির অবসান ঘটিয়ে পরস্পরের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধন দৃঢ়করণ, শত বর্ষ উদ্‌যাপন বিষয়ে বাস্তবতার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ এবং বীরমোহন উচ্চ বিদ্যালয়সহ এলাকার সার্বিক উন্নয়নের লক্ষ্যে আমার ব্যক্তিগত চিঠির প্রেক্ষিতে আপনারা অনেক কষ্ট স্বীকার করে মতবিনিময় সভাটি সফল করায় আপনাদেরকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

গত ২৮-০৯-২০১৯ তারিখের সভায় ঐতিহ্যবাহী বীরমোহন উচ্চ বিদ্যালয়ের শত বর্ষ পূর্তি উপলক্ষ্যে একটি মানসম্মত স্মারকগ্রন্থ প্রকাশনার বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। একটি মানসম্মত স্মারকগ্রন্থ প্রকাশ করা হলে একদিকে যেমন সকল প্রাপ্তন ছাত্র/ছাত্রীদের বর্তমান ঠিকানা ও অন্যান্য তথ্যাদির ভিত্তিতে সহজ যোগাযোগের মাধ্যমে পুরনো বন্ধুত্বের শেকড় আরো মজবুত ও দৃঢ় হবে, অপরদিকে ইহা বিদ্যালয়টির প্রচার, প্রসার ও সার্বিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে। তাছাড়া অনুরূপ স্মারক গ্রন্থ প্রকাশনার উদ্দেশ্যে প্রাপ্তন ছাত্র/ছাত্রীদের হালনাগাদ তথ্য/উপাত্তের ভিত্তিতে চিহ্নিত প্রতিভাবানদের যোগ্যতা, দক্ষতা, পারদর্শিতা বিবেচনান্তে একটি চৌকষ টিমের নেতৃত্বে সকলের সহযোগিতা পেলে একটি মানসম্মত অনুষ্ঠান করাও সম্ভব হতে পারে।

আপনি জেনে নিশ্চয়ই খুশী হবেন যে, উল্লেখিত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য সকল প্রাপ্তন ছাত্র/ছাত্রী এবং ক্ষেত্র বিশেষে পরিবারের সদস্যদের ছবি ও প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহের লক্ষ্যে অতি অল্প সময়ের মধ্যে একটি Website খোলা হয়েছে যার Web ঠিকানা হলো www.bmhs.edu.bd এই Website-এ এরই মধ্যে Registration Form upload করা হয়েছে। বিদ্যালয়ের সকল প্রকারের সেবা Online অর্থাৎ Digital Service-এর আওতায় আনা হবে।

আমি আশা করি আগামীতে সকল কার্যক্রমে আপনাদের সার্বিক সহযোগিতা পাওয়া যাবে।


৩০.০৯.১৯

শেখ মুজিবুর রহমান এনডিসি
প্রাপ্তন শিক্ষার্থী, বীরমোহন উচ্চ বিদ্যালয় ও
সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।